গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
রাজস্ব (এসএ) শাখা

ভূ-সম্পত্তি জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত জেলা কমিটির আগস্ট/২০২০ মাসে (১৯৪ তম) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা প্রশাসক
সভার তারিখ	২৩/০৮/২০২০ খ্রি.
সভার সময়	১০.০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
উপস্থিতি	...

পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী
০১	জনাব মুহ: রাশেদুল হক প্রধান , অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট
০২	জনাব উত্তম কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসার, সদর, লালমনিরহাট
০৩	জনাব মুহাম্মদ মনসুর উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট
০৪	জনাব মো: রবিউল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট
০৫	জনাব সামিউল আমিন, উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট
০৬	জনাব কামরুন নাহার, উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট
০৭	ডিবি ইন্সপেক্টর পক্ষে পুলিশ সুপার, লালমনিরহাট

পরিশিষ্ট 'খ'

সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী
৭০১	বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর।

আলোচ্য সুচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন

১। বিগত সভার কার্যবিবরনী পাঠঃ উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা কমিটির গত ১৯৩ তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।	কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়	১।অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। সহকারী কমিশনার (ভূমি) সকল
২। জবর দখল হতে ভূ-সম্পত্তি উদ্ধার কার্যক্রম: আলোচ্য মাসে এ বিষয়ে উপজেলা হতে কোন আবেদন পাওয়া যায়নি। অবৈধ দখলীয় জমি উদ্ধারের প্রস্তাব প্রেরণের পূর্বে উচ্ছেদ সংক্রান্ত বিষয়গুলো সরেজমিন তদন্ত করে যথাযথ প্রতিবেদন প্রেরণ করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ জানানো হয় এবং যে বিষয়গুলো স্থানীয়ভাবে নিষ্পত্তি করা যায় সেগুলো তাদের নিষ্পত্তি করার জন্য বলা হয়।	১।ভূ-সম্পিত্তি জবর দখলের বিষয়ে সরকারি ও অন্যান্য সংস্থার যে সকল জমি অবৈধ দখলে আছে তার কতটুকু পরিমাণ কৃষি, কতটুকু পরিমাণ অকৃষি এবং কি কারণে, কিভাবে, কতদিন ধরে অবৈধ দখলে এবং অবৈধ দখলীয় ব্যক্তির নিকট কোন কাগজ পত্র আছে কি না যাচাই করে পরিশিষ্ট গ 'ছক' প্রতিবেদন প্রেরণ করতে হবে। ২। সরকারি প্রতিষ্ঠান ও অন্যান্য সংস্থার জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদের প্রয়োজন হলে এ কার্যালয়ে পত্র প্রেরণ করে অবহিত করতে হবে।	১।উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২।সহকারী কমিশনার (ভূমি) সকল ৩।রেভিনিউ ডেপুটি কালেক্টর লালমনিরহাট

৩। **চলমান উচ্ছেদ কার্যক্রমঃ** লালামনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন টেপা পলাশী সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মালিকানাধীন তালুক পলাশী মৌজার ৯৮৭ নং খাস খতিয়ানের ২০৫০ ও ২০৫১ দাগের ০.১৭৭০ একর সরকারি সম্পত্তিতে অবৈধভাবে র্নিমিত স্থাপনা অপসারণের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ জিপি, লালমনিরহাট-কে এ কার্যালয় হতে পত্র দেয়া হলে তিনি জানান যে, সংশ্লিষ্ট জমিসহ অপরাপর জমির বিষয়ে বিজ্ঞ সহকারী জজ আদালত, আদিতমারীতে অন্য ৩২/২০১৮ নং বাটোয়ারা মামলা ও বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালতে ৭৩/২০১৮ নং চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা বিচারাধীন থাকায় প্রশাসনিকভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনায় আইনগত বাধা আছে। বিজ্ঞ সহকারী জজ আদালত, আদিতমারী এ অন্য ৩২/২০১৮ নং বাটোয়ারা মামলা ও বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালত এ ৭৩/২০১৮ নং চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উচ্ছেদ কার্যক্রম স্থগিত রাখার বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন।	বিজ্ঞ আদালত, আদিতমারী এ অন্য ৩২/২০১৮ নং বাটোয়ারা মামলা ও বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালত এ ৭৩/২০১৮ নং মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উচ্ছেদ কার্যক্রম স্থগিত রাখতে হবে। বর্ণিত মোকদ্দমা ০২ টি নিষ্পত্তির সঙ্গে সঙ্গেই এ কার্যালয়কে অবহিত করার জন্য বিজ্ঞ জিপি, লালমনিরহাটকে পত্র দিতে হবে এবং সংশ্লিষ্ট উচ্ছেদ কাজে পূর্বের নিয়োগকৃত ম্যাজিস্ট্রেট পদোন্নতি জনিত কারণে অন্যত্র বদলি হওয়ায় নতুন করে ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হবে।	১।অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। সহকারী কমিশনার (ভূমি) সকল ৪। বিজ্ঞ জিপি, লালমনিরহাট।

৪। উচ্ছেদ কার্যক্রমে ম্যাজিস্ট্রেট নিয়োগঃ **(ক)** কালীগঞ্জ উপজেলাধীন **ঘোঙ্গাগাছ মৌজার** ০১ নং খাস খতিয়ান ভুক্ত ২৩৩ দাগের ০.১৪ একর **কবুলিয়তকৃত** সরকারি খাস জমিতে অবৈধভাবে নির্মিত স্থাপনা অপসারণে সংশ্লিস্টদের সার্বিক সহযোগিতা ও আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীকে দিক নির্দেশনা প্রদান করার জন্য **জনাব মো: রবিউল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট লালমনিরহাট-কে** নিয়োগ দেয়া হয়েছে। **(খ) হাতীবান্ধা ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী ওয়ালের ভিতরে সরকারি খাস জমিতে** অবৈধভাবে নির্মিত স্থাপনা অপসারণে সংশ্লিস্টদের সার্বিক সহযোগিতা ও আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীকে দিক নির্দেশনা প্রদান করার জন্য **জনাব মো: সামিউল আমিন, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট লালমনিরহাট-কে** নিয়োগ দেয়া হয়েছে। (গ) পাটগ্রাম **উপজেলাধীন ইসলামপুর মৌজার বি আর এস ০১** নং খাস খতিয়ান ভুক্ত ১৬৫০১ দাগের ঘাটা শ্রেণির ১.৪৫৯৫ একর সরকারি জমির মধ্যে ০.৮০ একর রাস্তার জমি অবৈধভাবে দখলভোগ করায় তা দখলমুক্ত করার জন্য উপজেলা উচ্ছেদ মিস কেস নং-১১/২০১৯-২০২০ সৃজন করত: সহকারী কমিশনার(ভূমি), পাটগ্রাম, লালমনিরহাট এ কার্যালয়ে প্রেরণ করেছেন। এতদবিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত অবৈধ দখলীয় ০.৮০ একর জমিতে অবৈধভাবে নির্মিত স্থাপনা ও গাছপালা অপসারণে সার্বিক সহযোগিতা ও আইন শৃংঙ্খলা রক্ষা বাহিনীকে দিক নির্দেশনা প্রদানের জন্য জনাব দীপক কুমার দেব শর্মা, সহকারী কমিশনার(ভূমি), পাটগ্রাম ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট-কে নিয়োগ দেয়া হলেও তিনি বদলি হওয়ায় তার পরিবর্তে জনাব মো: মশিউর রহমান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট-কে নিয়োগের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত থাকলেও তিনিও বদলি হওয়ায় তার পরিবর্তে জনাব কামরুন নাহার উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট-কে নিয়োগের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উচ্ছেদ কর্যক্রমে নিয়োগকৃত ম্যাজিস্ট্রেটকে যথাসময়ে উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট।
৫। উচ্ছেদ কার্যক্রমের প্রতিবেদন সংক্রান্তঃ উচ্ছেদ কার্যক্রমে নিয়োগকৃত ম্যাজিস্ট্রেটকে যথাসময়ে উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা আবশ্যক।	উচ্ছেদ কার্যক্রমে নিয়োগকৃত ম্যাজিস্ট্রেটকে যথাসময়ে উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

পরিশিষ্ট-গ

ছক

উপজেলার নাম	মোট খাস জমির পরিমাণ (একর)		অবৈধ দখলীয় খাস জমির পরিমাণ (একর)		এ পর্যন্ত উদ্ধারকৃত খাস জমির পরিমাণ (একর)		অবৈধ দখলীয়সরকারিঅন্যান্য সংস্থার জমিরপরিমাণ (সংস্থার নাম উল্লেখসহ)	এ পর্যন্ত উদ্ধারকৃতসরকারিঅন্যান্য সংস্থার জমির পরিমাণ (সংস্থার নাম উল্লেখসহ)	মন্তব্য
	কৃষি	অকৃষি	কৃষি	অকৃষি	কৃষি	অকৃষি			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

পরিশিষ্ট ঘ

ভূ-সম্পত্তি জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণ ও তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত জেলা কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন (২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থ বছর) নিম্নরুপ :

জেলার নাম: লালমনিরহাট **মাসের নাম: জুলাই/২০২০**

১। অবৈধ দখলদার উচ্ছেদের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা : ০৮
২। উচ্ছেদের সংখ্যা : ০৫
৩। জেলায় পেন্ডিং আবেদনের সংখ্যা : ০৩
৪। উচ্ছেদকৃত সম্পত্তির ধরণ : কৃষি ও অকৃষি
৫। উচ্ছেদের মাধ্যমে অর্জিত সম্পত্তির পরিমাণ : ০.২৫৮৬ একর
৬। উচ্ছেদের মাধ্যমে অর্জিত সম্পত্তির আনুমানিক মূল্য : ১১,২৫,৯৫৮/- টাকা
৭। উচ্ছেদের কার্যক্রম গ্রহণে সাকুল্য খরচ (খাতওয়ারী) : --
৮। ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দের প্রয়োজন হলে তার পরিমাণ ও যৌক্তিকতা : --
৯। মন্তব্য : --

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভা সমাপ্ত করা হয়।

মোঃ আবু জাফর

জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০১৮.২৮.০০৪.১৯.৩৪৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭
৩১ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, ভূমি মন্ত্রণালয়
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট
৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৬) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৭) বিভাগীয় বন কর্মকর্ত, রংপুর, ।
৮) গোপনীয় সহকারী (অফিস), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৯) গোপনীয় সহকারী, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

শাম্মী কায়সার
রেভিনিউ ডেপুটি কালেক্টর